



ফাইল ছবি

প্রাথমিকের প্রধান শিক্ষকদের ১১তম গ্রেড ও সহকারী শিক্ষকদের ১৩তম গ্রেড শিক্ষকরা সম্পূর্ণভাবে প্রত্যাখ্যান করেছেন। শিক্ষকদের দাবি, এই গ্রেডে বেতন নির্ধারণ করলে শিক্ষকদের বেতন বাড়বে না বরং অধিকাংশ শিক্ষকদের বেতন কমবে। ১০ বছর ও ১৬ বছর পর প্রধান শিক্ষকদের সঙ্গে সহকারী শিক্ষকদের বেতন বৈষম্য কয়েকগুণ বেড়ে যাবে।

শুক্রবার সকা঳ ১০টায় প্রাথমিক শিক্ষা এক্য পরিষদের পুরাতন পল্টনস্থ কেন্দ্রীয় কার্যালয়ে প্রাথমিক শিক্ষক এক্য পরিষদের নীতি-নির্ধারণী কমিটির এক জরুরি সভায় সরকারের এমন সিদ্ধান্ত প্রত্যাখ্যান করেছেন প্রাথমিকের শিক্ষকরা।